অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/2/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল নিরাপদে নিউ ইয়র্কের স্কুলগুলি পুনরায় খোলার আবশ্যকতা ও নির্দেশনা ঘোষণা করেছেন

শিক্ষক এবং স্কুলের অন্যান্য কর্মীদের কোভিড-19 পরীক্ষা আবশ্যক - টিকাপ্রাপ্তদের না করলেও চলবে - এটি জনস্বাস্থ্য এবং স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিল (Public Health and Health Planning Council, PHHPC) পাশ করেছে; প্রবিধান এখানে পড়ুন এবং ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health, DOH) এর নির্ণায়ক চিঠি পড়ুন এখানে

ডিপার্টমেন্ট অফ হেলথ K-12 স্কুল পুনরায় খোলার নির্দেশনা প্রকাশ করেছে; নির্দেশনা পড়ুন এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে নিরাপদে পুনরায় স্কুল খুলে দেওয়ার ব্যাপারে তার কৌশল দুই দিক দিয়ে অগ্রসর হয়েছে, যা প্রদর্শন করে যে তার প্রশাসন শিক্ষার্থী, শিক্ষক এবং তাদের পরিবারের স্বাস্থ্য ও ভালো থাকাকে প্রাধান্য দিতে অঙ্গীকারবদ্ধ। এর আগে আজকে, জনস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিল একটি জরুরি প্রবিধান পাশ করেছে এবং স্বাস্থ্য কমিশনার সকল শিক্ষক, প্রশাসক এবং স্কুলের অন্যান্য কর্মীদের জন্য সাপ্তাহিক কোভিড-19 (COVID-19) পরীক্ষা আবশ্যক করে একটি নির্ণায়ক প্রকাশ করেছে, যদি না তারা সেন্টার্স ফর ডিজিজেস কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Diseases Control and Prevention, CDC) টিকা কার্ড বা এক্সেলসিয়র পাশ দিয়ে টিকা গ্রহণের প্রমাণ প্রদর্শন করে।

এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health) শ্রেণীকক্ষের নির্দেশ দিয়ে আনুষ্ঠানিক নির্দেশনা চূড়ান্ত ও প্রকাশ করেছে। এই নতুন ব্যবস্থাগুলি গত সপ্তাহে গভর্নর যে স্কুল ভবনের সকলের জন্য শিক্ষাদান ও পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমের সময় মাস্ক পরা আবশ্যক করে যে ঘোষণা দিয়েছেন তা অনুসরণ করে। নির্দেশনাটি সামনাসামনি শেখাকে প্রাধান্য দেয় এবং টিকা, মুখের মাস্ক, শারীরিক দূরত্ব বজায় রাখা, এবং সম্ভাব্য সংক্রমণ পর্যবেক্ষণ করার জন্য পরীক্ষা করা ইত্যাদিকে আবশ্যক করে বিস্তারিত সুপারিশ করেছে। নিয়মাবলীটি জেলাগুলির জন্য CDC যে নিয়মাবলী অনুসরণ করতে উপদেশ দিয়েছে তা মেনে চলে। এছাড়াও এটিকে একটি ভিত্তি হিসেবে বানানো হয়েছে এবং স্কুলগুলির নিয়মাবলীর বাইরে যাওয়ার স্বাধীনতা আছে।

"আমার কাছে অগ্রাধিকার পাবে শিশুদের স্কুলে ফিরিয়ে আনা এবং পরিবেশ সুরক্ষিত রাখা যাতে তারা শিখতে পারে এবং সবাই নিরাপদে থাকে," **গভর্নর হোচুল বলেন।** "আমার প্রশাসনের প্রথম দিনে, আমি স্কুলে-ফিরে যাওয়ার বেশ কিছু সাহসী উদ্যোগ ঘোষণা করেছি, যার মধ্যে আমাদের স্কুলে প্রবেশের পূর্বে সবার জন্য সার্বিক মাস্ক পরিধানের আবশ্যকতা একটি। আমরা এখন আমাদের স্কুলের কর্মীরা যাতে নিজেদের এবং নিজেদের পরিবার, আমাদের শিক্ষার্থী, এবং আমাদের সম্প্রদায়ের জন্য টিকা গ্রহণ করে এবং নিয়মিত পরীক্ষা করে তা নিশ্চিত করতে নির্দেশনা প্রকাশ করছি। আমাদের শিশুদের তাদের স্কুলে নিরাপদ ও সুরক্ষিত থাকার অধিকার আছে, এবং আমি সেটি নিশ্চিত করার জন্য আমার পক্ষে যা সম্ভব সব করছি।"

জরুরি প্রবিধানটি, যা সাপ্তাহিক পরীক্ষা বা টিকার প্রমাণ আবশ্যক করতে কমিশনারকে অনুমোদন দেয়, প্রবিধানের বর্ণনা অনুযায়ী প্রয়োজন শেষ না হয়ে যাওয়া পর্যন্ত নিউ ইয়র্কের সকল স্কুলের জন্য প্রযোজ্য হবে।

একটি সাম্প্রতিক জুম মিটিংয়ের সময়, স্কুলের দাপ্তরিক কর্মচারী, ইউনিয়নের নেতা, এবং অন্যান্য শিক্ষা বিষয়ক পরামর্শদাতারা পুনরায় স্কুল খুলে দেওয়ার ব্যাপারে আরো স্বচ্ছতা ও নির্দেশনা প্রদান করতে স্টেটের জন স্বাস্থ্য পেশাদারদের অনুরোধ করেছেন। এই নির্দেশনা অনুযায়ী, স্কুলগুলিকে তাদের কাঠামো অনুযায়ী যতটা সম্ভব শারীরিক দূরত্বের ব্যবস্থা করতে হবে কিন্তু সর্বনিম্ন দূরত্বের আবশ্যকতা পূরণ করতে গিয়ে শিক্ষার্থীদের সামনাসামনি শেখা থেকে বঞ্চিত করা যাবে না। এছাড়াও, সব শিক্ষার্থীদের মধ্যে কমপক্ষে 3 ফুট দূরত্ব রাখা এবং শিক্ষার্থী ও শিক্ষক/কর্মচারীদের মধ্যে এবং সম্পূর্ণ টিকাপ্রাপ্ত নয় এমন শিক্ষার্থী/কর্মচারীদের নিজেদের মধ্যে কমপক্ষে 6 ফুট দূরত্ব রাখার জন্য জোর সুপারিশ করা হচ্ছে। টিকা গ্রহণের অবস্থা যাই হোক না কেনো, সরকারি ও বেসরকারি ব্যবস্থায় পরিচালিত সকল স্কুল বাসে শিক্ষার্থী ও চালকদের অবশ্যই মাস্ক পড়তে হবে, কিছু ব্যতিক্রম ও অব্যাহতির সুযোগ রয়েছে।

স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথের কমিশনার হাওয়ার্ড জুকার বলেছেন, "আমাদের সব শিশুকে স্কুলে ফিরিয়ে আনতে হবে এবং এমন একটি নিরাপদ পরিবেশ বানাতে হবে যেখানে স্বাস্থ্যকর ভাবে শেখা যায়। আমরা স্থানীয় স্কুল জেলা এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলির সাথে কাজ করে যাচ্ছি, আমরা বাবা-মা, শিক্ষক এবং শিক্ষা বিষয়ক পরামর্শদাতা যারা মাস্ক, টিকা, সামাজিক দূরত্ব এবং পরীক্ষার ব্যাপারে এবং স্কুল বাসের নিরাপত্তা ও উচ্চ-ঝুঁকির ক্রীড়া ও পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম পরিচালনার ব্যাপারে তাদের মতামত শুনেছি।"

27 অগাস্ট প্রকাশ করা কমিশনারের স্কুলে মাস্ক পরা নির্ণায়ক, সকল অভ্যন্তরীণ স্থান যেমন অভ্যন্তরীণ ক্রীড়া ও পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমের জন্য প্রযোজ্য। মাস্ক পরা সম্ভব নয় এমন অভ্যন্তরীণ ক্রীড়া ও পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমের জন্য, যেমন সাঁতার, সর্বনিম্ন 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে। সম্পূর্ণ টিকাপ্রাপ্ত নয় এমন অংশগ্রহণকারীদের জন্য আবশ্যক স্ক্রিনিং পরীক্ষার ব্যবস্থা করতে স্কুলগুলিকে উৎসাহিত করা হচ্ছে।

স্কুলগুলিকে সপ্তাহে অন্তত একবার যেকোনো শিক্ষক ও কর্মীর জন্য স্ক্রিনিং পরীক্ষা করার ব্যবস্থা অবশ্যই রাখতে হবে। স্কুলগুলিকে অবশ্যই রোগের লক্ষণসহ বা কোভিড-19 আক্রান্ত কারো সংস্পর্শে আসা যেকোনো শিক্ষার্থী, শিক্ষক, বা কর্মী সদস্যের জন্য ডায়াগনস্টিক পরীক্ষার ব্যবস্থা

রাখতে হবে। এই পরীক্ষা অর্জন করার জন্য একাধিক উপায় এবং উল্লেখযোগ্য তহবিল রয়েছে এবং স্কুলগুলির উচিত তাদের স্থানীয় ডিপার্টমেন্ট অফ হেলথের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা।

পরীক্ষা-টিকা আবশ্যকতা বাস্তবায়ন করার পাশাপাশি, DOH সকল সরকারি স্কুল জেলা এবং বেসরকারি স্কুলকে স্থানীয় স্বাস্থ্য অংশীদারদের সমন্বয়ে শিক্ষার্থী ও কর্মচারীদের কোভিড-19 টিকা ক্লিনিকে যেতে পারার সুযোগ সমর্থন করতে সুপারিশ করছে। নির্দেশনায় আরো আছে যে স্কুল জেলাগুলির জন্য নিউ ইয়র্ক স্কুল কোভিড-19 রিপোর্ট কার্ডের জন্য উপাত্ত প্রদান নিশ্চিত করা আবশ্যক, যা পরিবার ও সম্প্রদায়ের কাছে কোভিড-19 সংক্রান্ত তথ্য পৌঁছে দেওয়ার আরেকটি উপায়।

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে DOH এর স্কুল নিয়মাবলী দেখুন এখানে এবং PHHPC প্রবিধান দেখুন এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন